



১৮২/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০১/২২৪৭

তারিখ : ১১/০১/২০১৭

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান প্রসঙ্গে।

সূত্র : বাউবি/প্রশা(সাধা)/বিভাগ-২৬(১৩)/৯৬/পার্ট-৩/৩৯৭০(১)/, তারিখ : ০৩/১০/২০১৬

জনাব,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ৫৮তম সভার সিদ্ধান্ত মোতাবেক রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

“(১) একাডেমিক কাউন্সিলের ৪৭তম সভার সিদ্ধান্ত-১২-এর আওতা বহির্ভূত (বিএ/বিএসএস প্রোগ্রামের এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য/জিপিএ-২ এর নীচে গ্রেড প্রাপ্ত রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থী ব্যতীত) সকল প্রোগ্রামের ক্ষেত্রে যে সকল শিক্ষার্থী সংশ্লিষ্ট প্রোগ্রামের ৭০% কোর্স/বিষয় সম্পন্ন করেছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থী অবশিষ্ট কোর্স/DeNovo রেজিস্ট্রেশনের মাধ্যমে সংশ্লিষ্ট কোর্স/বিষয়ে কোর্স ফি প্রদান সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে এবং

(২) ২০১৬ সালে অনুষ্ঠিতব্য পরীক্ষায় যে ব্যাচের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হবে উক্ত সিদ্ধান্তের আলোকে তারা রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০২ বছরের মধ্যে DeNovo রেজিস্ট্রেশন করে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। পুনরায় না দেয়া পর্যন্ত পরবর্তীতে রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীগণের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।”

উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে-


(ক) একাডেমিক কাউন্সিলের ৪৭তম সভার সিদ্ধান্ত-১২ এর আওতা বহির্ভূত এবং ৫৮তম সভার সিদ্ধান্ত-১ অনুযায়ী বিএ এবং বিএসএস প্রোগ্রামের ৫ম, ৬ষ্ঠ ও ৭ম ব্যাচের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীগণ (তালিকা সংযুক্ত) কেবলমাত্র আসন্ন বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৬ (অনুষ্ঠিতব্য-২০১৭) এর পরীক্ষায় DeNovo রেজিস্ট্রেশন করে অংশগ্রহণ করতে পারবে এবং

(খ) বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৫ (অনুষ্ঠিত-২০১৬) এর পরীক্ষায় রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়া ৮ম ব্যাচের শিক্ষার্থীগণ (তালিকা সংযুক্ত) একাডেমিক কাউন্সিলের ৫৮ তম সভার সিদ্ধান্ত-২ অনুযায়ী বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৬ ও ২০১৭ এর পরীক্ষায় DeNovo রেজিস্ট্রেশন করে অংশগ্রহণের সুযোগ পাবে।

উল্লিখিত শিক্ষার্থীগণ আগামী ২৩/০২/২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কোর্স/কোর্সসমূহের রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্ধারিত কোর্স ফি (DeNovo রেজিস্ট্রেশনের জন্য) ও পুনঃপরীক্ষার ফি সংশ্লিষ্ট ব্যাচকে জমা দিয়ে জমা রশিদসহ আবেদনপত্র সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে পারবে। আঞ্চলিক কেন্দ্র কর্তৃক আবেদনকারী শিক্ষার্থীদের সিমেন্টারভিত্তিক তালিকা আগামী ২৮/০২/২০১৭ তারিখের মধ্যে Hard Copy পরীক্ষা বিভাগে এবং Soft Copy পরীক্ষা নিয়ন্ত্রকের ই-মেইল নম্বরসহ exam.cu@bou.edu.bd ঠিকানায় প্রেরণ করতে হবে। উক্ত তারিখের পরে প্রেরিত কোন তালিকা বিবেচনা করা হবে না।

রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের পুনঃপরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের বিষয়টি স্থানীয়ভাবে বিভিন্ন মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

ধন্যবাদসহ।


১৮/১/১৭
(ড. মো: আসাদুজ্জামান উকিল)
পরীক্ষা নিয়ন্ত্রক

বিতরণ : কার্যার্থে :

- ১। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
- ২। সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র Website এ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
- ৩। অধ্যক্ষ/সমন্বয়কারী, বিএ/বিএসএস প্রোগ্রাম, বাউবি, সকল স্টাডি সেন্টার।
- ৪। উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/কো-অর্ডিনেটিং অফিসার, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
- ৫। প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।

অনুলিপি : সদয় অবগতির জন্য :

- ১। ডীন, এসএসএইচএল, বাউবি।
- ২। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সংরক্ষণ নথি।